দৈনিক খবর

তারিখ ..6... MAY 1990
পৃষ্ঠা... 2 ...কলাম... 2

04

# সারাদেশে শিক্ষার সুফল পৌঁছে দিতে সহায়তা করুন

———মওদুদ

উপ-রাষ্ট্রপতি মওদুদ আহমদ ছাত্র, শিক্ষক, অভিভাবক, শিক্ষাবিদ, শিক্ষা বিভাগীয় প্রশাসক এবং রাজনৈতিক দল ও মত নির্বিশেষে সকল রাজনীতিবিদদের সারাদেশে শিক্ষার সুফল পৌঁছে দিতে সাহায্য করার জন্য আহবান জানিয়েছেন।

'বাসস' জানায়, বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে শিক্ষা সপ্তাহ উপলক্ষে তিন দিনব্যাপী জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের উদ্বোধনীতে গতকাল শনিবার প্রধান অতিথির ভাষণে উপ-রাষ্ট্রপতি সকলকে শিক্ষাব্রতী হবার আহবান জানান।

২-এর পাতায় দেখুন

## সারাদেশে শিক্ষার সুফল

প্রথম পৃষ্ঠার পর

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ সভাপতিত্ব করেন। এতে অন্যান্যের মধ্যে পাটমন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী, শিক্ষা সচিব আ ন ম ইউসুফ এবং শিক্ষা সপ্তাহ সাংগঠনিক কমিটির সদস্য-সচিব আবদুল্লাহ হারুন পাশা বক্তৃতা করেন।

শিক্ষা মন্ত্রণালয় এই অনুষ্ঠানের আয়োজন করে। শিক্ষা সপ্তাহের বিষয়বস্তু হচ্ছে, 'শিক্ষাই উন্নয়নের মাধ্যম'। সপ্তাহের জেলা পর্যায়ের কর্মসূচী ২২শে ফেব্রুয়ারী থেকে ২৫শে ফেব্রুয়ারী পর্যন্ত এবং বিভাগীয় পর্যায়ের কর্মসূচী ১লা মার্চ থেকে ৩রা মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হয়।

উপ-রাষ্ট্রপতি বলেন, জাতীয় উন্নয়নমূলক কর্মকান্ড অর্থবহ করে তোলার জন্য গ্রামে শিক্ষার আলো ছড়িয়ে দিতে একটি দৃঢ় সংকল্প গ্রহণ করা উচিত। শিক্ষার দ্রুত উন্নয়নের জন্য সরকার যে সব পদক্ষেপ গ্রহণ করেছেন তিনি এর উল্লেখ করে বলেন, '২ হাজার সাল নাগাদ সকলের জন্য শিক্ষা'র লক্ষ্যমাত্রা অর্জনে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন সহায়ক হবে।

তিনি বলেন, ভবিষ্যতে শিক্ষা খাতে আরো অধিক অর্থ বরাদ্দ করা হবে এবং চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় তা প্রতিফলিত হবে। তিনি বলেন, জাতি যেন শিক্ষার সর্বোত্তম ব্যবহার করতে সক্ষম হয় সেজন্য প্রচেষ্টা গ্রহণ করা হবে।